# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

**Financial Literacy Wing**

**www.krishibank.org.bd**

সূত্র নং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৪৬০ তারিখঃ২২/০২/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর আওতায় তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক 'আর্থিক সাক্ষরতা দিবস' পালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর সূত্র নং- এফআইডি/২০৩/০২/২০২৪-৫৭৫; তারিখ ০৫ ফেব্রুয়ারী, ২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক ২৭ মার্চ ২০২২ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে বাংলাদেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে Financial Literacy Guidelines for Banks and Financial Institutions জারি করা হয়। উক্ত নীতিমালার অনুচ্ছেদ নং- ৫.৪.১.৪ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রতি বছর মার্চ মাসের ১ম সোমবার আর্থিক সাক্ষরতা দিবস (Financial Literacy Day) পালন করার নির্দেশনা রয়েছে। তদানুযায়ী, ০৪ মার্চ ২০২৪ তারিখে দ্বিতীয়বারের মতো 'আর্থিক সাক্ষরতা দিবস' পালিত হবে।

০৩। এতদ্‌প্রেক্ষিতে, বৈশ্বিক রাজনীতিতে চলমান নানাবিধ অস্থিরতার প্রভাবে দেশের অর্থনীতিতে কিছুটা প্রতিকূল পরিবেশ বিদ্যমান থাকায় গত বছরের ন্যায় এ বছরেও ০৪ মার্চ ২০২৪ তারিখে পালিতব্য 'আর্থিক সাক্ষরতা দিবস'-টি ব্যায়বহুল অনুষ্ঠান পরিহার করে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/ উপশাখার অভ্যন্তরে গ্রাহকদের সাথে মতবিনিময় এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিকেবি website এ আর্থিক সাক্ষরতা সম্প্রসারণমূলক বিভিন্ন প্রচারণার মাধ্যমে পালন এবং উক্ত অনুষ্ঠানের বিভিন্ন স্থিরচিত্রসহ সংক্ষিপ্ত প্রতিবেদন আগামী ১৫/০৩/২০২৪ তরিখের মধ্যে অত্র বিভাগ এবং বিকেবি জনসংযোগ ও প্রটোকল বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

22/02/2024

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৪৬০ তারিখঃ২২/০২/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফকলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমুহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমুহ।
০৯। নথি/মহানথি।

22/02/2024

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃ এফআইডি/২০৩/০২/২০২৪-৫৭৫

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**Financial Literacy Guidelines for Banks and Financial Institutions**
**এর আওতায় তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক 'আর্থিক সাক্ষরতা দিবস' পালন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক ২৭ মার্চ ২০২২ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লেখ্য, বাংলাদেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে উল্লিখিত সার্কুলারের মাধ্যমে Financial Literacy Guidelines for Banks and Financial Institutions জারি করা হয়। উক্ত নীতিমালার অনুচ্ছেদ নং-৫.৪.১.৪ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক, প্রতিবছর মার্চ মাসের ১ম সোমবার 'আর্থিক সাক্ষরতা দিবস' (Financial Literacy Day) পালন করার নির্দেশনা রয়েছে। তদানুযায়ী, ০৪ মার্চ ২০২৪ তারিখে দ্বিতীয়বারের মতো **'আর্থিক সাক্ষরতা দিবস'** পালিত হবে।

৩। এতদ্প্রেক্ষিতে, বৈশ্বিক রাজনীতিতে চলমান নানাবিধ অস্থিরতার প্রভাবে দেশের অর্থনীতিতে কিছুটা প্রতিকূল পরিবেশ বিদ্যমান থাকায় গত বছরের ন্যায় এ বছরেও ০৪ মার্চ ২০২৪ তারিখে পালিতব্য 'আর্থিক সাক্ষরতা দিবস'-টি ব্যয়বহুল অনুষ্ঠান পরিহার করে, আপনাদের শাখা/উপশাখার অভ্যন্তরে গ্রাহকদের সাথে মতবিনিময় এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ও আপনাদের প্রতিষ্ঠানের website এ আর্থিক সাক্ষরতা সম্প্রসারণমূলক বিভিন্ন প্রচারণার মাধ্যমে পালন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোশারফ হোসেন)
যুগ্মপরিচালক
ফোন-০২-৫৫৬৬৫০০১-২০/২১৭১৩
ই-মেইলঃ md.mosharaf@bb.org.bd